“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার।”
“দুর্নীতিকে না
বলুন, নৈতিকতা মেনে
চলুন।”

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
হিউম্যান রিসোর্স অ্যান্ড পারসোনেল শাখা
ফোনঃ ০৭৫১-৬৩৮৩৩, ফ্যাক্সঃ ০৭৫১-৬৩৮২০
ওয়েবঃ পিজিসিএল.বাংলা

নম্বর: ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২৫

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

## অফিস আদেশ

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর ইনোভেশন টিম নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

ইনোভেশন টিম :

১। মহাব্যবস্থাপক (অপারেশন) - আহবায়ক, ইনোভেশন অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২। উপ-মহাব্যবস্থাপক (ইএসডি) - সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩। উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) - সদস্য
৪। ব্যবস্থাপক (এইচআর এন্ড পার্সোনেল ) - সদস্য
৫। ব্যবস্থাপক (স্ট্রাটেজিক এন্ড প্রজেক্ট প্লানিং)- সদস্য
৬। ব্যবস্থাপক (সেন্ট্রাল রেভিনিউ ) - সদস্য
৭। সহকারী প্রকৌশলী, আইসিটি শাখা - সদস্য-সচিব

টিমের কার্য-পরিধি (Terms of Reference) নিম্নরূপ :

ক) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়ন।

খ) এ সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক (অর্থ বছর ভিত্তিক) কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং বছরের (অর্থ বছর) শুরুতে মাসিক সভায় উপস্থাপন, অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন।

গ) প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন।

ঘ) মন্ত্রণালয়, পেট্রোবাংলায় গঠিত সংশ্লিষ্ট ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন।

ঙ) যথাময়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন, পেট্রোবাংলা, মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ।

ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলী :

ক) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান।

খ) পরিবর্তনের রূপকার হিসেবে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এ সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীলতার সংস্কৃতি ও ক্ষেত্র গড়ে তোলা। আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারী কর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা। প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম সদস্যগণের কর্মস্পৃহার বিকাশ সাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ।

গ) নাগরিক সেবা সহজীকরণের জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কারকরণ এবং সিটিজেন চার্টার যথাযথ বাস্তবায়নের তদারকিকরণ।

ঘ) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর সকল সেবা ই-সেবায় রূপান্তরের সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি আদান প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ।

ঙ) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর যাবতীয় তথ্যাবলী সন্নিবেশ করে প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরীকরণ ও হালনাগাদকরণ এবং কার্যালয়ের ওয়েব সাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরনের ব্যবস্থাকরণ।

চ) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan যথাযথ বাস্তবায়নের বিষয় নিশ্চিতকরণ।


ছ) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর আইসিটি কার্যক্রমের বাজেট তৈরী, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণের নথি উপস্থাপন, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন।

জ) তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় সাধন।

ঝ) জাতীয় ই-জীফ এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শ মানে আনয়ন ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।"

কমিটি সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বর্ণিত কার্যাদি সম্পাদন করবেন ।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। এ আদেশ জারির প্রেক্ষিতে ইত:পূর্বে এতদসংক্রান্ত বিষয়ে জারিকৃত আদেশ নং ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২৫২, তারিখ : ২৮ ডিসেম্বর ২০২০ বাতিল বলে গণ্য হবে।



২৬-১-২০২১

মোঃ আবুল কাসেম প্রধানীয়া

মহাব্যবস্থাপক

নম্বর: ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২৫/১(৬৫)

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
২) উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৪) সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৫) সহকারী প্রকৌশলী, আইসিটি শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড



২৬-১-২০২১

এ.কে.এম. মাহমুদ হাসান চৌধুরী

উপ-মহাব্যবস্থাপক